জুলাই আন্দোলন দমনে ছোড়া হয় ৩ লাখেরও বেশি গুলি: প্রসিকিউশন



সংগৃহীত ছবি

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে জানানো হয়েছে, জুলাই আন্দোলন দমাতে সারাদেশে ৩ লাখ ৫ হাজারেরও বেশি রাউন্ড গুলি ব্যবহার করা হয়। শুধু ঢাকায়ই ছোড়া হয় ৯০ হাজারের বেশি। তদন্তকারী কর্মকর্তার সাক্ষ্যে উঠে আসে আন্দোলনকারীদের ওপর পরিকল্পিত হত্যাযজ্ঞের নৃশংসতা।

জুলাই আন্দোলন দমাতে আইনশৃঙ্খলা বাহিনী সারাদেশে ৩ লাখ ৫ হাজারেরও বেশি রাউন্ড গুলি ছোড়ে বলে জানায় প্রসিকিউশন। এর মধ্যে কেবল ঢাকা মেট্রোপলিটন এলাকায় ছোড়া হয় ৯০ হাজারেরও বেশি গুলি। সোমবার (২৯ সেপ্টেম্বর) শেখ হাসিনাসহ তিনজনের বিরুদ্ধে গণহত্যার মামলায় দ্বিতীয় দিনের সাক্ষ্য দেন মামলার তদন্ত কর্মকর্তা মো. আলমগীর। তিনি এই মামলার ৫৪তম এবং শেষ সাক্ষী।

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে জুলাই অভ্যুত্থানের হত্যাযজ্ঞের নৃশংসতার ভিডিও উপস্থাপন করা হয়, যা সরাসরি সম্প্রচারও করা হয়। একই সঙ্গে তদন্ত কর্মকর্তার জবানবন্দিও সম্প্রচারিত হয়। প্রসিকিউশন দাবি করে, কোনো ধরনের উসকানি ছাড়াই পরিকল্পিতভাবে আন্দোলনকারীদের ওপর মারণাস্ত্র ব্যবহার করে আইনশৃঙ্খলা বাহিনী।

এদিকে, জুলাই-আগস্টের মানবতাবিরোধী অপরাধের আটটি অভিযোগে জাসদ নেতা হাসানুল হক ইনুর বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানি আগামী ১৪ অক্টোবর নির্ধারণ করেছে ট্রাইব্যুনাল-২। এর আগে কুষ্টিয়ায় সাতজন হত্যাসহ মানবতাবিরোধী অপরাধের মামলায় তাকে গ্রেফতার দেখানো হয়। এছাড়া, রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদ মামলার সাক্ষ্যগ্রহণও বর্তমানে ট্রাইব্যুনাল-২ এ চলছে।